

## সম্পাদকীয়:

করোনাভাইরাসের মহামারি মোকাবেলায় বিভিন্নমুখী কার্যক্রমের পাশাপাশি অন্যান্য প্রাকৃতিক দুর্যোগেও বিপন্ন মানুষের পাশে দাঁড়ানোর চেষ্টা করছে সুজন-এর বন্ধুরা। চেষ্টা করছে সাংগঠনিক কার্যক্রম পরিচালনারও। এই উদ্যোগগুলোর কথাই তুলে ধরা হলো এবারের সুজন ই-নিউজ লেটারে।

## করোনায বিপন্ন মানুষের পাশে কাদিরজঙ্গল ইউনিয়ন কমিটি

করোনাভাইরাসের প্রাদুর্ভাবে সাধারণ মানুষের জীবন যখন বিপর্যস্ত, তখন তাদের পাশে দাঁড়িয়েছে কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ উপজেলাধীন সুজন-কাদিরজঙ্গল ইউনিয়ন কমিটি। করোনার প্রাদুর্ভাব শুরু হওয়ার সাথে সাথেই কমিটির সভাপতি ডাঃ মাজহারুল ইসলাম ইউনিয়ন কমিটির সকলকে নিয়ে একটি সভা করেন এবং সুজন নেতবৃন্দসহ সচেতন এলাকাবাসী সমন্বয়ে একটি টিম গড়ে তোলেন। এই টিম ছোট ছোট দলে ভাগ হয়ে এলাকাভিত্তিকভাবে জনসচেতনতা সৃষ্টির কাজ শুরু করে; যা এখনও চলছে। জনসচেতনতা সৃষ্টির গুরুত্বপূর্ণ দিকগুলো হচ্ছে স্বাস্থ্যবিধি মেনে চলা, নিজে নিরাপদ থাকা, পরিবারের অন্যদের নিরাপদ রাখা, খুব বেশি প্রয়োজন না হলে কেউ বাড়ির বাইরে না যাওয়া, জরুরি প্রয়োজনে বাইরে গেলে অবশ্যই মাস্ক পরিধান করা, ঢাকা-নারায়ণগঞ্জসহ দেশের বাইরে থেকে কেউ আসলে তাদের কোয়ারেন্টাইন নিশ্চিত করা ইত্যাদি।



উপরোক্ত কার্যক্রম ছাড়াও ডাঃ মাজহারুল ইসলামের উদ্যোগে সাতারপুর বনিক সমিতির সহায়তায় সাতারপুর গ্রামের ৬০টি পরিবারের মাঝে ৫ কেজি চাল, ২ কেজি আটা, ২ কেজি আলু, ১ কেজি পেঁয়াজ, ১ লিটার তেল, আধা কেজি লবন, ২৫০ গ্রাম ছোলাবুট, ১টি সাবান ও দুধসহ নাপা ট্যাবলেট সংশ্লিষ্ট সকলের বাড়ি বাড়ি গিয়ে বিতরণ করা হয়। মানুষের এ দুঃসময়ে সুজন-এর এই মানবিক তৎপরতা এলাকাবাসীর কাছে ব্যাপক প্রশংসিত হয়েছে।

## লালমনিরহাটে বন্যাকবলিত মানুষের পাশে পরেশ রায়



পরেশ চন্দ্র রায় সুজন- লালমনিরহাট জেলা কমিটির সাধারণ সম্পাদক। করোনাভাইরাসের প্রাদুর্ভাবের পর থেকেই তিনি তৎপর রয়েছেন বিভিন্নমুখী কর্মকাণ্ডে। এই কর্মকাণ্ডের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি তিনি বন্যাকবলিত মানুষের পাশেও দাঁড়ানোর চেষ্টা করছেন। গত ৪ জুলাই ২০২০-এ, স্থানীয় অনলাইনভিত্তিক সামাজিক সংগঠন 'সহযোগী'র আর্থিক সহযোগিতায় লালমনিরহাট সদর উপজেলার গোকুন্ডা ইউনিয়নের চরগোকুন্ডা গ্রামের তিস্তা নদী ভাঙ্গনের শিকার অসহায় ৫০টি পরিবারের মাঝে তিনি চিড়া, গুড়, সাবান, মোমবাতি, গ্যাসলাইট, খাবার স্যালাইন ও মশার কয়েল বিতরণ করেন।

এছাড়াও গত ৫ জুলাই ২০২০-এ, যুক্তরাষ্ট্র প্রবাসী মোরশেদা খাতুনের আর্থিক সহযোগিতায় তিনি একই ইউনিয়নের তিস্তা নদী ভাঙ্গনের শিকার অসহায় পরিবারের শিশুদের মাঝে ১০৫ প্যাকেট খিচুরী বিতরণ করেন। এই কাজে তাকে সহায়তা করেন এটিএন বাংলার জেলা প্রতিনিধি মোঃ আলমগীর, সংশ্লিষ্ট ওয়ার্ডের ইউপি সদস্য মোঃ দুলু মিয়া, চরগোকুন্ডা আবাসনের সভাপতি মোঃ তৈয়ব আলী, তিস্তা ডিগ্রী কলেজের প্রভাষক মোঃ আরিফুল ইসলাম প্রমুখ।

## ব্রাহ্মণবাড়িয়ায় জনসচেতনতামূলক প্রচারণা ও মাস্ক বিতরণ



সুজন-ব্রাহ্মণবাড়িয়া জেলা কমিটির উদ্যোগে করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে জনসচেতনতামূলক প্রচারণাসহ মাস্ক বিতরণ করা হয়েছে। গত ১৬ জুন ২০২০-এ, বঙ্গবন্ধু স্কয়ার, মঠের গোড়া ও ফকিরাপুল ব্রীজ এলাকায় জনসচেতনতামূলক প্রচারণার পাশাপাশি পথচারীদের মাঝে মাস্ক বিতরণ করা হয়েছে।

এই কার্যক্রমে সম্পৃক্ত ছিলেন সুজন- ব্রাহ্মণবাড়িয়া জেলা শাখার সভাপতি ও ব্রাহ্মণবাড়িয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল এর চেয়ারম্যান ডাঃ মোঃ আবু সাঈদ, সহ-সভাপতি আবু হোরায়রাহ, মোঃ আবদুস সালাম, সাধারণ সম্পাদক এ.কে.এম শিবলী, সাংগঠনিক সম্পাদক প্রভাষক দ্বীপ রায়, সদস্য মুনতাসির ফাহিম প্রমুখ।

## সুজন-হবিগঞ্জ সদর উপজেলা কমিটি গঠন



সুজন-হবিগঞ্জ সদর উপজেলা কমিটি গঠিত হয়েছে। গত ২৭ জুন ২০২০, হবিগঞ্জ সদর উপজেলার পৈল ইউনিয়নের দেবপাড়া বাজারের মরহুম সৈয়দ আহমদুল হক সাহেবের বৈঠক খানায় মীর দুলালের সভাপতিত্বে এবং আব্দুল জলিলের পরিচালনায় অনুষ্ঠিত এক সভায় উক্ত কমিটি গঠিত হয়। উক্ত সভায় জেলা সুজন-হবিগঞ্জ জেলা কমিটির সাধারণ সম্পাদক চৌধুরী মিজবাহ-উল-বারী লিটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

সভায় সর্বসম্মতিক্রমে পৈল ইউনিয়নের চেয়ারম্যান সৈয়দ মঈনুল হক আরিফ কে সভাপতি, মোতালিব তালুকদার দুলাল কে সম্পাদক, মুখলিসুর রহমান ঈশান কে যুগ্ম-সম্পাদক,সাইফুল ইসলাম সাইদুর কে সাংগঠনিক করে কমিটি ঘোষণা করা হয়। এসময় হবিগঞ্জ পৌর শাখার সভাপতি তোফাজ্জল হোসেন, সাংগঠনিক সম্পাদক মহসিন আহমেদ, হবিগঞ্জ অনলাইন প্রেস ক্লাবের আশ্বায়ক রহমত আলী প্রমুখ উপস্থিত ছিলেন।

সকলে মিলে শপথ করি  
স্থায়ী পর্যায়ে করোনা প্রতিরোধ করি